[redacted]

[redacted]

গাংনীতে দু’টি বোমা সাদৃশ্য বস্তু ও হত্যার হুমকি সম্বলিত চিরকুট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার গ্রামে বাবলু মিয়ার মুদি দোকানের সামনে থেকে দু’টি বোমা সাদৃশ্য বস্তু ও হত্যার হুমকি সম্বলিত চিরকুট উদ্ধার করেছে পুলিশ।

আজ সোমবার সকালে লাল টিপে মোড়ানো বোমা সাদৃশ্য বস্তু দেখে ও চিরকুট দেখতে পেয়ে স্থানীয়রা পুলিশকে খবর দেয়।

বাবলু মিয়া জোড়পুকুরিয়া গ্রামের মৃত রিয়াজুল মাস্টারের ছেলে।

জানা গেছে, প্রতিদিনের ন্যায় বাবলু মিয়া তার দোকানের কাজকর্ম শেষ করে রবিবার রাতে বাড়িতে চলে যান। রাতের আঁধারে দুর্বৃত্তরা কোন এক সময় বোমা সাদৃশ্য বস্তু ও হত্যার হুমকি সম্বলিত চিরকুট রেখে যায়।

পরে সকালে দোকান খোলার আগেই কিছু ব্যাক্তি বোমা সাদৃশ্য বস্তু দেখতে পেয়ে বাবলু মিয়াকে খবর দিলে পরে বাবলু মিয়াসহ স্থানীয়রা পুলিশকে খবর দেয়। এর আগেও বাবলু মিয়া’কে ৪-৫ বার চিরকুট লিখে হত্যার হুমকিও দেয় দুর্বৃত্তরা।

গাংনী থানা ওসি তদন্ত আল মামুন জানান, জোড়পুকুরিয়া মধ্যপাড়ার বাবলু এর পরিত্যক্ত মুদি দোকানের সামনে চিরকুট ও বোমা সাদৃশ্য দুটি বস্তু উদ্ধার করেছে পুলিশ। অভিযুক্তদের খোঁজে পুলিশ তদন্ত শুরু করেছে।

গাংনীতে চিকিৎসা নেয়ার এক

সপ্তাহ পরে মৃত্যু হলো সাপে কাটা রোগীর

মেহেরপুর জেলার গাংনী উপজেলার বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ত্রিশ বছর বয়সি কৃষক সেন্টু মিয়াকে গত ৯ মে বিকেলে ধান বাধায়ের কাজ করার সময় অচেনা এক বিষাক্ত সাপ তার ডান হাতে কামড় দেয়।

তাৎক্ষণিক মাঠে কর্মরত কৃষকরা সেন্টু মিয়া দেরি না করে দ্রুত নিজ বাড়িতে চলে আসেন এবং সাপে কামড়ের বিষয়টি পরিবারের লোকজনকে বলে।

পরিবারের দুজনকে সাথে নিয়ে মটরসাইকেল যোগে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের উদ্দেশ্যে রওনা দিলে পথে সড়ক দুর্ঘটনার কবলে পড়ে।

পরে আহত অবস্থায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে দুদিন ধরে চিকিৎসা নিলেও শারীরিক অবস্থার আরো অবনতি হলে সেখান থেকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা নিয়ে শারীরিক অবস্থার উন্নতি হলে গত ১৫ মে নিজ বাড়িতে ফিরে আসেন।

পুনরায় গতকাল শনিবার সকালে সেন্টু মিয়ার শ্বাস কষ্ট শুরু হলে স্থানীয় বামন্দী একটি ক্লিনিকে চিকিৎসা নিতে আসলে চিকিৎসক রক্তের পরিক্ষা দেয়।

পরে রক্তের রিপোর্ট দেখে চিকিৎসক জানান তার শরীরে থাকা রক্তে পয়জন আছে। পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য নেয়ার পথে সেন্টু মিয়া মৃত্যু বরণ করে।

নিহত সেন্টু মিয়া কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার চরদিয়ার গ্রামের নজরুল ইসলামের পুত্র। এবং গাংনী উপজেলার রামনগর গ্রামের রিনা খাতুনের সাথে বিবাহের পর থেকে শশুর বাড়ি এলাকায় জমি কিনে বসবাস করছেন।

নিহতের শ্যালক আজগর আলী বলেন,সেন্টু অর্থনৈতিক ভাবে খুব দরিদ্র হলেও মানুষ হিসেবে খুব ভালো ছিলো। তার এক ছেলে এক মেয়ে রয়েছে। আর তার স্ত্রী রিনা খাতুনের এক সপ্তাহের মধ্যে আরেকটি বাচ্চা প্রসব করবে। অথচ সেন্টু সবাইকে ছেড়ে পৃথিবী থেকে চলে গেলো।

জানি ডাক্তাররা রোগীকে বাচানোর সর্বোচ্চ চেষ্টা করে। তবে

রোগীকে সম্পূর্ণ ভাবে বিষ মুক্ত হয়েছে কিনা? তা পরিক্ষা না করে রিলিজ দেয়া ঠিক হয়নি। এই একটি বাচ্চা পৃথিবীতে আসার আগেও বাবা হারা হলো। এই দায় ডাক্তার সাহেব কিভাবে এড়িয়ে যাবেন? আপনারাই বলেন।

গাংনীতে বাড়ির সামনে থেকে বোমা সদৃশ বস্তু, কাফনের কাপড় ও হুমকি চিরকুট উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙা হাজী পাড়ার ইউসুফ আলীর বাড়ির প্রবেশ পথ থেকে একটি বোমা সাদৃশ্য বস্তু, কাফনের কাপড় ও হুমকি ভরা চিরকুট উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনার পর থেকে স্থানীয়দের মাঝে আতঙ্ক বিরাজ করছে।

আজ রোববার সকাল নয়টার দিকে গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের হাড়াভাঙা হাজিপাড়ার ছইমুদ্দিনের ছেলে ইউসুফ আলীর বাড়ির প্রবেশ পথ থেকে এসব উদ্ধার করা হয়।

ইউসুফ আলী বলেন, প্রতিদিনের মতো আজ ভোরে বাড়ির প্রবেশ পথে বাড়ির মেয়ে ঝাড়ু দিতে গেলে একটি পলিথিন ও কাফনের কাপড়ের সাথে একটি চিরকুট বাধা অবস্থায় পড়ে আছে দেখে আমাকে বলে। তখন আমি স্থানীয় মেম্বারকে খবর দিলে তিনি ঘটনাস্থলে এসে পুলিশ খবর দেই। তারপর ঘটনাস্থলে পুলিশ এসে সেগুলো উদ্ধার করে এবং চিরকুটে যা লেখা ছিলো তা পড়ে শোনাই।

চিরকুটে লেখা ছিলো ” আসমুয়ালাকুম ইউসুফ তুমি সাবধান। তুই আর তোর ছোট সন্তান মৃত্যু জন্য পস্তত হও পাঁচলক্ষ টাকা রেডি কর “।

এঘটনার পর থেকে আমি আমার পরিবার ও প্রবেশিরা চরম আতঙ্কের মধ্যে আছি।

ভবানিপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ পুলিশের উপপরিদর্শক (এস আই) আব্দুল করিম বলেন, আমরা আজ সকালে ফোন কলের মাধ্যমে খবর পাই।

হাড়াভাঙা হাজিপাড়ার ইউসুফ আলীর বাড়ির প্রবেশ পথে পলিথিনে মোড়ানো একটি বোমা সাদৃশ্য বস্তু,কাপড়ের সাথে একটা চিরকুট বাধা অবস্থায় উদ্ধার করে গাংনী থানা পুলিশ হেফাজতে নিয়েছি। এবং বিষয়টি পুলিশ তদন্ত করতছে কে-বা কারা এঘটনার সাথে জড়িত তাদের খুঁজে বের করতে।

মেহেরপুরে নিষিদ্ধ ছাত্রলীগের পোস্টারিংয়ের প্রতিবাদে ছাত্রদলের বিক্ষোভ মিছিল

মেহেরপুরে দিনের আলোতেই নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের পোস্টারিংয়ের অভিযোগকে কেন্দ্র করে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ করেছে ছাত্রদল।

আজ শনিবার রাতে মেহেরপুর সরকারি কলেজ প্রাঙ্গণ থেকে বিক্ষোভ মিছিলটি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা বিএনপির কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়।

বিক্ষোভ মিছিলের নেতৃত্ব দেন মেহেরপুর পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজিস ইউসুফ রামিক। এসময় নেতাকর্মীরা নিষিদ্ধ ছাত্রলীগের নেতাকর্মীদের দ্রুত গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান।

ছাত্রদল নেতারা অভিযোগ করেন, নিষিদ্ধ ঘোষিত মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক কুতুব আহমেদ তার ব্যক্তিগত ফেসবুক আইডিতে একটি ভিডিও পোস্ট করেন। ওই ভিডিওতে তাকে মেহেরপুর সরকারি কলেজ, ডিসি অফিসের সামনে, আদালত গেটসহ বিভিন্ন স্থানে পোস্টার লাগাতে দেখা যায় বলে তারা দাবি করেন।

বিক্ষোভ মিছিলে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর ছাত্রদল নেতা বাপ্পি ও বাধন, বারাদি ইউনিয়ন ছাত্রদলের সভাপতি আজিজুল হক, সদর উপজেলা ছাত্রদলের নেতা লাভলু, লিমন ও তৌকির, সরকারি কলেজ

ছাত্রদলের নেতা মাহফুজ জুবায়েরসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

এসময় বক্তারা বলেন, “নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীরা প্রকাশ্যে পোস্টারিং করে আইনশৃঙ্খলা পরিস্থিতি অস্থিতিশীল করার অপচেষ্টা চালাচ্ছে। দ্রুত তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

মেহেরপুরে রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উদযাপন

মেহেরপুরের অন্যতম সাহিত্য ও সাংস্কৃতিক সংগঠন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের আয়োজনে আজ শনিবার বিকেলে মেহেরপুর সরকারি মহিলা কলেজ মিলনায়তনে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উদযাপন করা হয়েছে।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, সংগঠনের সভাপতি অ্যাড. এম. আনোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ আবদুল্লাহ আলা-আমিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক (অব:) মো: আব্দুল মজিদ এবং সংগঠনের সিনিয়র সহ-সভাপতি ডা. এম. এ. বাশার।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন অবসরপ্রাপ্ত শিক্ষক সুশীল চক্রবর্তী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব আনিছুর রহমান, কবি বাশরী মোহন দাস, কবি আবুল হাসেম প্রমুখ।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সংগীত পরিবেশন করেন সংগীতশিল্পী ফৌজিয়া আফরোজ তুলি ও আসাদুল ইসলাম খোকন। যন্ত্রসংগীতে ছিলেন শামীম জাহাঙ্গীর সেন্টু।

কবিতা আবৃত্তিতে অংশ নেন কবি ম. গোলাম মোস্তফা, বাশরী মোহন দাস, নুর আলম, এস. এম. এ. মান্নান, মোমিনুল হক, লিয়াকত আলী, শফিকুর রহমান সেন্টু, ফিরোজা খাতুন, দিলারা জাহান, লিয়াকত হোসেন, বদরুদ্দোজা বিশ্বাস, সাইফুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন ভৈরব সাহিত্য সাংস্কৃতিক চত্বরের সাধারণ সম্পাদক মেহের আমজাদ।

দর্শনা-মুজিবনগর সড়কে মোটরসাইকেলের ধাক্কায় শিশুর মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা-মুজিবনগর সড়কে মোটরসাইকেলের ধাক্কায় ইউলাদ হোসেন (৪) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। আজ শনিবার সকাল ৯টায় জানাজা শেষে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

নিহত ইউলাদ হোসেন প্রতাপুর গ্রামের বাদল মিয়ার ছেলে। পরিবারের সদস্যরা জানান, শুক্রবার বাদল মিয়া মসজিদে নামাজ পড়তে যান। এ সময় ইউলাদ তাকে খুঁজতে মসজিদে গিয়ে বাবাকে না পেয়ে বাড়ি ফিরছিল। পথে দর্শনা-মুজিবনগর মহাসড়ক পার হওয়ার সময় দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়।

স্থানীয়রা গুরুতর আহত অবস্থায় শিশুটিকে উদ্ধার করে প্রথমে দর্শনা তরফদার ক্লিনিকে নেয়। সেখানে অবস্থার অবনতি হলে প্রাথমিক চিকিৎসা দিয়ে রাজশাহীর একটি হাসপাতালে পাঠানো হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

শনিবার সকাল ৯টায় জানাজা শেষে প্রতাপুর কবরস্থানে তার দাফন সম্পন্ন করা হয়।

মেহেরপুরে অনলাইন জুয়ার বড় নেটওয়ার্কে অভিযান, রাফসান জনিসহ গ্রেপ্তার ৪

মেহেরপুরে অনলাইন জুয়া ও অবৈধ ই-ট্রানজেকশন চক্রের বিরুদ্ধে জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) চলমান অভিযানে রাফসান জনি রিপন (৩২) নামে এক কথিত জুয়ার এজেন্টসহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে।

জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর নেতৃত্বে রাতভর পৃথক অভিযানে তাদের আটক করা হয়। জব্দ করা হয়েছে একাধিক স্মার্টফোন। এসব ফোনে অনলাইন জুয়ার একাধিক অ্যাকাউন্ট, ই-মেইল আইডি ও অবৈধ ডলার লেনদেনের তথ্য পাওয়ার দাবি করেছে পুলিশ।

গ্রেপ্তার হওয়া অন্যরা হলেন ফাহাদ হাসান জুনায়েদ (১৯), বায়েজিদ ডালিম (৩০) ও রকিবুল ইসলাম (৩৫)।

ডিবি সূত্রে জানা গেছে, শুক্রবার (১৫ মে) রাতভর মেহেরপুর সদর ও গাংনী উপজেলার বিভিন্ন এলাকায় পৃথক অভিযান পরিচালনা করা হয়। সম্প্রতি অনলাইন জুয়া ও অবৈধ ই-ট্রানজেকশন চক্রের বিরুদ্ধে সক্রিয় অবস্থানে থাকা জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি মুহাদ্দিদ মোর্শেদ চৌধুরীর সরাসরি তদারকিতে গোপন সংবাদের ভিত্তিতে অভিযানগুলো পরিচালিত হয়।

প্রথমে সদর উপজেলার চাঁদবিল এলাকায় অভিযান চালিয়ে বায়েজিদ ডালিমকে গ্রেপ্তার করা হয়। এ সময় তার কাছ থেকে একটি স্যামসাং গ্যালাক্সি জেড ফোল্ড-৫ মোবাইল ফোন জব্দ করা হয়। ফোনটি প্রাথমিকভাবে পরীক্ষা করে Binance অ্যাপের মাধ্যমে অবৈধ ডলার কেনাবেচা এবং অনলাইন জুয়ার এজেন্ট হিসেবে কাজ করার তথ্য পাওয়া যায় বলে জানিয়েছে পুলিশ। একই সঙ্গে ফোনে অনলাইন জুয়ার সঙ্গে সম্পৃক্ত চারটি ই-মেইল ঠিকানার তথ্যও পাওয়া গেছে।

পরে বায়েজিদের দেওয়া তথ্যের ভিত্তিতে মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামে অভিযান চালিয়ে রকিবুল ইসলামকে গ্রেপ্তার করা হয়। তার কাছ থেকে একটি ওপো স্মার্টফোন ও একটি ভিভো ওয়াই-০৩টি মোবাইল ফোন জব্দ করা হয়। ফোন দুটি যাচাই করে অনলাইন জুয়া খেলা এবং Binance এর মাধ্যমে অবৈধ ডলার লেনদেনের তথ্য মিলেছে বলে দাবি

ডিবির।

এদিকে ডিবির আরেকটি দল সদর উপজেলার গাড়াডোব এলাকায় অভিযান চালিয়ে রাফসান জনি রিপনকে গ্রেপ্তার করে। এ সময় তার কাছ থেকে একটি রেডমি নোট ১৪ প্রো মোবাইল ফোন উদ্ধার করা হয়। ফোনটি প্রাথমিক যাচাই-বাছাই করে ৩৭টি ই-মেইল আইডি এবং ২৯টি অনলাইন জুয়ার অ্যাকাউন্টের তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছে পুলিশ।

পরবর্তীতে রাফসান জনির দেওয়া তথ্যের ভিত্তিতে আমঝুপি এলাকা থেকে ফাহাদ হাসান জুনায়েদকে গ্রেপ্তার করা হয়। তার কাছ থেকে একটি ওপো এ-৩৮ মোবাইল ফোন উদ্ধার করা হয়। ফোনটি পরীক্ষা করে সাতটি ই-মেইল আইডিসহ অনলাইন জুয়া-সংশ্লিষ্ট মার্চেন্ট অ্যাকাউন্টের তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছে ডিবি।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে গ্রেপ্তারকৃতরা নিজেদের ও অন্যের নামে নিবন্ধিত সিম ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে অনলাইন জুয়া পরিচালনা, জুয়ায় অংশগ্রহণ এবং বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়াই মোবাইল ব্যাংকিং ও Binance অ্যাপ ব্যবহার করে অবৈধ ই-ট্রানজেকশন করার কথা স্বীকার করেছেন বলে দাবি পুলিশের।

ডিবি পুলিশের ভাষ্য, অনলাইন জুয়ার এই বিস্তৃত নেটওয়ার্ক গ্রামের বেকার যুবক ও সাধারণ মানুষকে দ্রুত লাভের প্রলোভনে ফেলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত করছে। অনেকে সর্বস্ব হারিয়ে হতাশা, মাদকাসক্তি ও বিভিন্ন সামাজিক অপরাধে জড়িয়ে পড়ছেন।

এ ঘটনায় গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মেহেরপুর সদর ও গাংনী থানায় সাইবার সুরক্ষা আইন-২০২৬ এর আওতায় পৃথক মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগরে হাইব্রিড ধান চাষ বিষয়ক দিনব্যাপী কর্মশালা

দেশে কৃষিপ্রযুক্তির সম্প্রসারণ ও হাইব্রিড ধানের অধিক ফলন নিশ্চিতকরণের লক্ষ্যে মেহেরপুরের মুজিবনগরে দিনব্যাপী আধুনিক

কলাকৌশলভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

ব্র্যাক সিড অ্যান্ড এগ্রো এন্টারপ্রাইজের উদ্যোগে আয়োজিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন ব্র্যাক সিডের ডিলার মো. নাহারুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক কৃষিবিদ মো. কামরুল হাসান।

কর্মশালায় আমন মৌসুমে ব্র্যাক সিডের উন্নত হাইব্রিড ধানের আধুনিক চাষাবাদ পদ্ধতি, রোগবালাই দমন, সঠিক সার ব্যবস্থাপনা এবং অধিক ফলন নিশ্চিতকরণে বিভিন্ন কলাকৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

প্রধান অতিথি কৃষিবিদ মো. কামরুল হাসান বলেন, আধুনিক প্রযুক্তি ও উন্নত জাতের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষকরা কম খরচে বেশি ফলন পেতে পারেন। কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে সচেতনতা বৃদ্ধি পেলে দেশের খাদ্য উৎপাদন আরও বাড়বে।

দিনব্যাপী এ কর্মশালায় ৬০ জন নির্বাচিত কৃষককে হাইব্রিড ধান উৎপাদন পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়। অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী কৃষকদের মাঝে ব্র্যাক হাইব্রিড-১০ ধানের বীজ বিতরণ করা হয়।

গাংনীতে ডা. রাজিব-সৈকত স্মৃতি প্রণোদনা বৃত্তি প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলার চৌগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডা. রাজিব-সৈকত স্মৃতি প্রণোদনা বৃত্তি প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৬ মে) সকালে বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বিশিষ্ট কথাসাহিত্যিক অধ্যাপক রফিকুর রশিদ রিজভী আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাসিমা পারভীন।

সহকারী শিক্ষক রকিবুল ইসলামের সঞ্চালনায় বক্তব্য রাখেন ডা. রাজিব ও সৈকতের মা হাজেরা রশীদ, মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক ও আরটিভি প্রতিনিধি মাজেদুল হক মানিক, কাজীপুর ডিগ্রি কলেজের প্রভাষক হাসান আলী এবং গাংনী মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক রফিকুল ইসলাম।

আলোচনা শেষে প্রধান অতিথি কথাসাহিত্যিক রফিকুর রশিদ রিজভী ও বিশেষ অতিথি হাজেরা রশীদ পঞ্চম শ্রেণির দুইজন মেধাবী শিক্ষার্থীর হাতে বই, নগদ অর্থ ও সম্মাননা ক্রেস্ট তুলে দেন।

বিশিষ্ট কথাসাহিত্যিক অধ্যাপক রফিকুর রশিদ রিজভী বলেন, শিক্ষার্থীদের মেধা ও সৃজনশীলতা বিকাশে এমন উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। নতুন প্রজন্মকে মানবিক ও শিক্ষিত নাগরিক হিসেবে গড়ে তুলতে সমাজের সবাইকে এগিয়ে আসতে হবে। আগামীতেও মেধাবী শিক্ষার্থীদের জন্য এ ধরনের প্রণোদনা ও বৃত্তি কার্যক্রম অব্যাহত থাকবে।